দৈনিক ইনকিলাব

তারিখ MAY 24 1999
পৃষ্ঠা ৩ কলাম ২

### ছাত্র শিবিরের লাগাতার অবরোধ কর্মসূচী

# গতকালও চট্টগ্রাম ভার্সিটিতে অচলাবস্থা অব্যাহত ছিল

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ইসলামী ছাত্র শিবিরের লাগাতার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অবরোধ কর্মসূচীর দ্বিতীয় দিন গতকাল রবিবার অতিক্রান্ত হয়েছে। অবরোধের দ্বিতীয় দিনেও বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা অব্যাহত ছিল। এদিকে সংগঠনের নেতা জোবায়ের হত্যাকারীদের গ্রেফতারসহ ৫ দফা দাবীতে অবরোধের পাশাপাশি গতকাল শিবিরের পক্ষ থেকে চট্টগ্রামের ডিআইজির কাছে একটি স্মারকলিপি প্রদান করা হয়েছে। স্মারকলিপিতে গত ১৫ মে জোবায়ের হত্যাকাণ্ডসহ ছাত্রলীগের সন্ত্রাসী কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ দেয়া হয়। এতে অভিযোগ করা হয় যে, বিশ্ববিদ্যালয় প্রশাসন ও ক্যাম্পাস পুলিশ অস্ত্রধারী সন্ত্রাসীদের মোকাবেলায় চরমভাবে ব্যর্থ হয়েছে। ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবন ও ন্যায্য অধিকার ভূলুণ্ঠিত হয়েছে। নিরীহ ছাত্রছাত্রী ও শিবির নেতা-কর্মীরা নিরাপত্তাহীন। এতে জোবায়ের হত্যাকারী চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার, সন্ত্রাস নির্মূলে ব্যর্থ পুলিশ ক্যাম্পাস থেকে প্রত্যাহার ও সুবিচার দাবী করা হয়। বিশ্ববিদালয় শিবির সভাপতি মুজিবুর রহমান মঞ্জু ও সেক্রেটারী আবদুল হান্নান স্বাক্ষরিত স্মারকলিপি প্রদানকালে মিজবাহুল কবির, রবিউল হোসেন, ছাবের আহমদ, বজলুর রহমান প্রমুখ কেন্দ্রীয় ও জেলা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অন্যদিকে গতকাল অবরোধের দ্বিতীয় দিনে ক্যাম্পাসে অনুষ্ঠিত সমাবেশে শিবির নেতৃবৃন্দ বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে স্বতঃস্ফূর্ত অবরোধ কর্মসূচী প্রমাণ করে ক্যাম্পাসবাসী অস্ত্রধারীদের কবল থেকে মুক্তি চায়।